# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস

### ৬৭তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১৫ মে ২০১৩ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১১ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী - ১ঃ* গত ১৭ এপ্রিল ২০১৩ তারিখের একজিকিউটভ কমিটির ৬৬তম সভার কার্যবিবরণী বিস্তারিতভাবে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* একজিকিউটভ কমিটির ৬৬তম সভার কার্যবিবরণীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরণী অনুমোদনের জন্য গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল নাসির আহমেদ (অবঃ) তা সমর্থন করেন। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ২ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের সেবাপ্রদানকারী সংস্থার চুক্তি নিয়ে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের বিভিন্ন অনুষ্ঠানে মান সম্মত সেবা প্রদানের নিমিত্তে সেবাপ্রদানকারী সংস্থার অনুকুলে নিম্নলিখিত চুক্তির বিষয়ে আলোচনা করা হয় ঃ<br>ক। পরিষদ কমিটির মেয়াদ যেহেতু ২ বছর এমতাবস্থায় সার্ভিস প্রদানকারী ঠিকাদারদের চুক্তির মেয়াদ ২ বছরের অধিক হবে না এবং এ চুক্তি ২০১৪ সালের ডিসেম্বর পর্যন্ত বলবৎ থাকবে।<br>খ। হল ব্যবহারকারীগণ ক্যাটারিং সুবিধা বাহির থেকে নিতে পারবেন তবে অবশ্যই কনভেনশন সেন্টারের মনোনীত ঠিকাদারদের সাথে সমন্বয় করে সমাধান করবেন।<br>গ। সাজসরঞ্জামের ভাড়ার মূল্য তালিকা পূনঃ নির্ধারণ করা হবে এবং এতে সভায় একমত পোষন করেন।<br>ঘ। পরিষদ কনভেনশন সেন্টারের দায়িত্বভার গ্রহণের বিষয়টি বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার করা হবে। | কনভেনশন সেন্টার সেবাপ্রদানকারী সংস্থা |
| *আলোচ্যসূচী - ৩ঃ* ওয়ান স্টপ সার্ভিস সেন্টার নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস এলাকায় উপযুক্ত স্থান পাওয়া সাপেক্ষে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার তৈরী করা হবে এবং নীতিমালা প্রনয়ন করত: আগামী ইসি সভায় সিদ্ধান্ত নেয়ার জন্য উপস্থাপন করতে হবে। | ওয়ান স্টপ সার্ভিস কমিটি |
| *আলোচ্যসূচী - ৪ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের লেভেল-৩ এ জিম, ক্যাফেটেরিয়া, কার্ড রুম এবং লাইব্রেরী স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* সভায় সর্বসম্মতিক্রমে বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের লেভেল-৩ এ জিম ও ক্যাফেটেরিয়া চালু করার জন্য জরুরী ভিত্তিতে টেন্ডার আহবানের জন্য বিজ্ঞপ্তি প্রস্তুত করার বিষয়ে সিদ্ধান্ত হয় এবং কার্ড রুম, লাইব্রেরী স্থাপনের জন্যও ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ করা হয়। | কনভেনার/ সদস্য কনভেনশন সেন্টার |

| | |
|---|---|
| *আলোচ্যসূচী - ৫ ঃ* বারিধারা ডিওএইচএস শিশুপার্ক এলাকায় ফিটনেস সেন্টার নির্মাণের ব্যাপারে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস শিশুপার্ক এলাকায় শেডসহ ফিটনেস সেন্টার নির্মাণের জন্য ৫০ X ৩৫ জায়গায় পরিষদের ব্যবস্থাপনায় সর্বোচ্চ ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা ব্যয়ে একটি ফিটনেস সেন্টার নিমার্ণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ৬ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকায় সিএসডি কর্তৃক সরবরাহকৃত দ্রব্য সামগ্রীর গুনগত মান অনেক খারাপ পরিলক্ষিত হচ্ছে। নিম্ন মানের দ্রব্য সামগ্রী সরবরাহ করে উচ্চ মূল্য গ্রাহকদের নিকট হতে নেয়া হচ্ছে। এ ব্যাপারে সভায় আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* সিএসডি কর্তৃক সরবরাহকৃত বিভিন্ন দ্রব্য সামগ্রীর মান উন্নায়নের জন্য বারিধারা ডিওএইচএস পরিষদ হতে প্রধান কার্যালয়, সিএসডি বাংলাদেশ, ঢাকা সেনানিবাসকে পত্র লেখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ৭ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় ( Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসি মিটিং এ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। অনেক দিনের বকেয়া আদায়ের লক্ষ্যে সকল প্লট/ফ্ল্যাট মালিকদেরকে একাধিক বার পত্র লিখা হয় এবং আলোচনার মাধ্যমে ও যুক্তিসংগত কারন বিবেচনায় নিয়ে তাদের বকেয়া পরিশোধের সুযোগ দেয়া হচ্ছে এবং পরবর্তী মাস থেকে নিয়মিত সাবস্ক্রিপশন পরিশোধের অঙ্গিকার করছেন। যে সকল বাসিন্দা বকেয়া সাবসক্রিপশন পরিশোধ করেননি অথবা কোন ধরণের কারণ প্রদর্শন বা যোগাযোগ করেননি ০১ জুন ২০১৩ থেকে ৫ ধরনের সুযোগ সুবিধা থেকে তাঁদেরকে বঞ্চিত করা হবে। বর্জ সংগ্রহ করা হবে না, স্যাটেলাইট ও ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন করা হবে, গাড়ীর স্টীকার প্রদান করা হবে না এবং আরবিট্রেশন সুবিধা দেয়া হবে না। | ট্রেজারার |
| *সিদ্ধান্ত ঃ* সভায় সর্ব-সম্মতিক্রমে সকল ধরনের ব্যয় ও সাবস্ক্রিপশন প্রদান না কারীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়টি অনুমোদিত হয়। | |
| *আলোচ্যসূচী - ৮ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল স্টাফদের কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* আলোচ্য বিষয়ের প্রেক্ষিতে একজিকিউটিভ কমিটির ট্রেজারার লেঃ কর্ণেল এএইচএম রুহুল ইসলাম (অবঃ) একটি পূর্নাঙ্গ সার্ভিসরুল প্রনয়ন করত: আগামী ইসি মিটিং এ উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | ট্রেজারার |
| *আলোচ্যসূচী - ৯ ঃ* ডিওএইচএস এলাকায় বাড়ী ভাড়া এজেন্সি নিয়োগ দেওয়ার বিষয়ে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস এলাকায় বসবাসরত বাড়ীর মালিকগণ তাদের বাড়ী ভাড়া নিজ দায়িত্বে এজেন্সির মাধ্যমে প্রদান করতে পারেন। নিরাপত্তার স্বার্থে পরিষদ কর্তৃক কোন এজেন্সি নিয়োগ না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী - ১০ ঃ* বারিধারা ডিওএইচএস এলাকায় টহলে নিয়োজিত গার্ডদের সাথে বাসিন্দাদের যোগাযোগের সুবিধার্থে ২ (দুই) টি মোবাইল ফোন ক্রয়ের বিষয়ে আলোচনা করা হয় এবং ফোন ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী - ১১ ঃ* গার্বেজ কন্ট্রাক্টর এর চুক্তিকৃত টাকা হ্রাস করণের ব্যাপারে আলোচনা করা হয়। তাদের নিকট হতে মাসিক চাঁদা না নেয়ার বিষয়টিও আলোচনায় আসে। | |
| *সিদ্ধান্ত ঃ* গার্বেজ কন্ট্রাক্টর এর আবেদনের প্রেক্ষিতে চলমান চুক্তি সমন্বয় পূর্বক ৪০,৫০০.০০ (চল্লিশ হাজার পাঁচশত) টাকার পরিবর্তে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। অন্য দরদাতাদের সাথে যোগাযোগ করা হলে তারা কেউ আগ্রহ দেখায়নি। ভবিষ্যতে গার্বেজ সংগ্রহ ও হকার নিয়োগ একজন কন্ট্রাকটরের মাধ্যমে করা হলে উদ্ভূত সমস্যা নিরসন করা সম্ভব বলে অধিকাংশ সদস্য মতামত প্রদান করেন। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |

| | |
|---|---|
| *আলোচ্যসূচী - ১২ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক কনভেনশন সেন্টার পরিচালনার জন্য জনবল নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>*সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে ইতিমধ্যে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিয়োগকৃত সুপারভাইজার সার্জেন্ট মোঃ আবুল কালাম আজাদকে পরিষদ কর্তৃক নিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিয়োগকৃত ৫ জন গার্ড তারা প্রত্যাহার করলে সমসংখ্যক গার্ড নিয়োগের সিদ্ধান্ত হয়। | কনভেনার সদস্য কনভেনশন সেন্টার |
| *আলোচ্যসূচী - ১৩ ঃ* ডেসকো, ডিওএইচএস এর বারিধারা গেট সংলগ্ন এলাকা হতে তিনটি বৈদ্যুতিক খুঁটি বসিয়ে বিদ্যুৎ নেয়ার আবেদন জানালে তা নাকচ করা হয় এবং খুটি গুলো অপসারনের জন্য অনুরোধ করা হয়। তবে তাদের দ্বিতীয় আবেদনের পরিপ্রেক্ষিতে ডিওএইচএস এর স্বার্থ অক্ষুন্ন রেখে পূর্ব পশ্চিম পার্শ্বের ১টি বৈদ্যুতিক খুঁটি হতে মাটির নীচ দিয়ে বৈদ্যুতিক লাইন নেয়ার ব্যাপারে সকল সদস্য একমত পোষন করেন। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী -* ১৪ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় বিভিন্ন ধরণের প্রকল্পের চাহিদা ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রেরণ করার জন্য প্রনয়ণকৃত খসড়া তালিকা সম্মানিত সকল সদস্যকে অবহিত করা হয়। বারিধারা ডিওএইচএস স্কুল গেইট সংলগ্ন গার্ডরুম সহ টয়লেট এবং সিকিউরিটি ব্যারাকে টয়লেট নির্মাণের জন্য ডিএমএলএন্ডসি কর্তৃক অনুমোদন পাওয়ার বিষয়টিও ইসির সদস্যদের সভাপতি অবহিত করেন। | সেক্রেটারী/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |

৪। সভাপতি মহোদয় মিটিংএ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ ঃ ২১ মে ২০১৩

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ ঃ ২১ মে ২০১৩

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য